ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র




# রোজদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে





ROSEDIN ● Vol. - 1 ● Issue - 141 ● Prgi No. : WBBEN/25/A1189 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : www.rosedin.in

ই-পেপার ● বর্ষ ঃ ৫ ● সংখ্যা ঃ ২৯৭ ● কলকাতা ● ১৯ কার্ত্তিক, ১৪৩২ ● বৃহস্পতিবার ● ০৬ নভেম্বর ২০২৫ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা

# বিএলএ নিয়োগে কে কোথায় দাঁড়িয়ে




**স্টাফ রিপোর্টার, রোজদিন**

পশ্চিমবঙ্গের ভোটার তালিকা বিশেষ নিবিড় সংশোধনের জন্য মঙ্গলবার থেকে শুরু হয়েছে ঘরে ঘরে অভিযান। বুথ লেবেল অফিসার-রা বাড়ি বাড়ি গিয়ে প্রত্যেক ভোটারকে এনুমারেশন ফর্ম পৌঁছে দিচ্ছেন। ইতিমধ্যেই প্রথম দিনেই ১৮ লাখেরও বেশি ভোটারকে ফর্ম সরবরাহ করা হয়েছে। রাজ্যে মোট ৮০,৬৮১টি বুথে এই কাজ চলছে। কমিশনের (Election Commission) তথ্য অনুযায়ী, স্বীকৃত সমস্ত রাজনৈতিক দল ইতিমধ্যেই ৬৩ হাজারেরও বেশি বুথ লেভেল এজেন্ট নিয়োগ করেছে। পার্টির মধ্যে বিজেপি সবচেয়ে এগিয়ে, তাঁদের নিযুক্ত B L A সংখ্যা ২৪,৫৮৫জন। সিপিএমের সংখ্যা ১৮,৭০৭, তৃণমূলের ১৩,৫২৬, এবং কংগ্রেসের ৫,৭৯৭।

অর্থাৎ সংখ্যার নিরিখে রাজ্যের শাসকদলকে পিছনে ফেলে দিয়েছে বিজেপি ও বামেরা। যদিও তৃণমূলের বক্তব্য, এই

এরপর ৩ পাতায়

পর্ব 104

## হিমালয়ের সমর্পণ যোগ



পাতা ছোট ছোট ছিল তেঁতুল গাছের হয়। এইভাবে আস্তে আস্তে গর্ত ঐ বীজে ভরে গেল। প্রায় ৬ ফুট লম্বা, ১ ফুট গভীর এবং ৩ ফুট চওড়া গর্ত ছিল। যেমন পরে একদিন তিনি আমাকে সেখানে শুতে বললেন এবং তারপর প্রতিদিন ২-৩ ঘণ্টা ঐ গর্তে শুতে বলতেন।

পরে একদিন তিনি বললেন, "এগুলোকে গুঁজ বলে। এগুলোর গুণ হল- এগুলো শরীরের গরম টেনে নেয়। আর শরীরের অতিরিক্ত গরম বেরিয়ে যাওয়ার পরে চিত্ত শান্ত থাকে।" কিছুদিন বাদে সত্যি সত্যিই আমার ঐ গর্তে শুতে ভাল লাগতে লাগল। এই অভ্যাসও অনেকদিন পর্যন্ত চলল।

ক্রমশঃ




# SIR নিয়ে এবার আইনি লড়াই!




**স্টাফ রিপোর্টার, রোজদিন**

অভিষেকের SIR হুংকার! লড়াই শুধু এবার রাজনীতির মাঠে-ময়দানে নয়, লড়াই এবার আইনিও! SIR নিয়ে রাজনৈতিক লড়াইয়ের পাশাপাশি আইনি লড়াইয়ের জন্যও প্রস্তুত হচ্ছে তৃণমূল । SIR আর কেন্দ্রীয় গোয়েন্দা সংস্থার হয়রানি নিয়ে তৃণমূলের লিগ্যাল সেলকে প্রস্তুত হওয়ার নির্দেশ অভিষেকের ।একইসঙ্গে সাংসদ ও বিধায়কদের দায়িত্ব দেন ওয়াররুম বানানোর। বলেন, "ওয়াররুমে ১৫ জন থাকবে। ১০ জন সরাসরি BLA-2 এর সঙ্গে যোগাযোগ রাখবে। বাকি ৫ জন ল্যাপটপ নিয়ে বসে সব ডেটা এন্ট্রির কাজ করবে। অসুবিধা হলেই বিধায়ক, সাংসদ হস্তক্ষেপ করবে।"১১ নভেম্বর থেকে ২০ নভেম্বর পর্যন্ত সব জেলায় সাংগঠনিক সভা করার নির্দেশ লিগ্যাল সেলকে। অভিষেকের স্পষ্ট বার্তা, একদিকে SIR নিয়ে আইনি লড়াই করতে হবে। অন্যদিকে ভোটের মুখে কেন্দ্রীয় সংস্থার হয়রানি আটকাতে দলীয় কর্মীদের পাশে দাঁড়াতে হবে।

উল্লেখ্য, বাংলায় SIR শুরুর দিনই (SIR in Bengal) পথে নামেন মমতা-অভিষেক। মঙ্গলবার রেড রোডে আম্বেদকর মূর্তির পাদদেশ থেকে জোড়াসাঁকো পর্যন্ত মিছিল করে তৃণমূল। S I R - এর বিরোধিতায় কলকাতায় তৃণমূলের মহামিছিল। যে মিছিল থেকে অভিষেক বন্দ্যোপাধ্যায় সাফ হুঁশিয়ারি দেন, 'বাংলার ক্ষমতা কী আমরা দেখাব! ২ দিনে এই মিছিল হলে, আগামী ২ মাসের মধ্যে দিল্লিতে কী হতে পারে, সেটা একবার ভেবে দেখতে বলব। আমাদের ধমকে, চমকে কোনও লাভ নেই।' গতকালকের মিছিলে ব্যাপক সাড়া মেলার পর ১১ নভেম্বর ডোরিনাতে ফের জনসভার ডাক দিয়েছেন অভিষেক।

প্রসঙ্গত, SIR নিয়ে আগেই দলীয় কর্মী-নেতা-বিধায়ক-সাংসদদের ক্যাম্প করার নির্দেশ দিয়েছেন অভিষেক। একইসঙ্গে নির্দেশ দিয়েছে ওয়াররুম খুলতেও। ৬২০০ ক্যাম্প, ২৯৪ ওয়াররুম, অভিষেকের SIR-স্ট্র্যাটেজি! BLO-দের সঙ্গে বাড়ি বাড়ি যেতে বলেছেন BLA 2-দের। অভিষেকের কথায়, "প্রকৃত ভোটারদের নাম বাদ যাচ্ছে। BLA 2-রা BLO-দের সঙ্গে বাড়ি বাড়ি যাবে। কমিশন ঠিক কাজ করছে কিনা তা দেখতে হবে। কারও নাম যেন বাদ না যায় । ১০০% ফর্ম ফিলআপ করে কমিশনে জমা দিতে হবে। BLO-র ছায়াসঙ্গী হয়ে থাকতে হবে BLA 2-কে।" বলেন, "আগামী ৬ মাস আমাদের কাছে অ্যাসিড টেস্ট।"

S I R নিয়ে তৃণমূলের বৈঠকে অভিষেক নির্দেশ দেন, "ওয়েবসাইট ও হার্ড কপি মেলাবেন। সাংসদ ও বিধায়করা পুরোদস্তুর সাহায্য করবেন। গ্রাম পঞ্চায়েত প্রধানরা অঞ্চল সভাপতির সঙ্গে একযোগে কাজ করবেন। প্রতি অঞ্চলে একমাস ক্যাম্প করবেন। ক্যাম্পে ল্যাপটপ, প্রিন্টার ও ওয়াই ফাই থাকবে। সকাল ৯টা থেকে বিকেল ৫টা ক্যাম্প বসবে। ৬২০০ ক্যাম্প রাজ্য জুড়ে হবে। ওয়ার্ডে কাউন্সিলর ও ওয়ার্ড সভাপতি সাহায্য করবেন।"

## ২০০২ সালের ভোটার তালিকায় নাম নেই খোদ বারুইপুরের তৃণমূল কাউন্সিলরের

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

মঙ্গলবার থেকে শুরু হয়ে গিয়েছে SIR প্রক্রিয়া। এর মধ্যেই নতুন বিতর্ক তৈরি হল বারুইপুর পুরসভায়। ২০০২ সালের ভোটার তালিকায় নাম নেই খোদ বারুইপুর পুরসভার তৃণমূল কাউন্সিলরের। তাঁর নাম তাপস ভদ্র। বারুইপুরের ১৩ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর তিনি। বসবাস করেন বারুইপুর পুরসভার ২ নম্বর ওয়ার্ডে।SIR নিয়ে চালু হচ্ছে তৃণমূলের এসআইআর লিগ্যাল সেল। এসআইআর আবহে আইনি সহায়তা কেন্দ্র গঠন করছে তৃণমূল। কেউ অসুবিধায় পড়লে আইনি সাহায্য দেওয়া হবে। আইনজীবীদের বিশেষ দল গঠনের জন্যই তৈরি হচ্ছে লিগাল সেল। সব জেলায় ১১ থেকে ২০ নভেম্বর হবে সভা। ১১ নভেম্বর ডোরিনা ক্রসিংয়ে



টিএমসির প্রথম সমাবেশ অনুষ্ঠিত হবে। রাজ্যের অর্থমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্যকে বিশেষ দায়িত্ব দেওয়া হয়েছে।S I R চালু হওয়ার পর থেকে মানুষের মনে দানা বেঁধেছে আতঙ্ক। সকলেরই মনে ভয় নাম রয়েছে তো ২০০২ সালের ভোটার তালিকায়। যদি না থাকে তাহলেই কি চলে যেতে হবে বাংলাদেশ? সকলের আশা ভরসা হয়েছিলেন তৃণমূল কাউন্সিলর। কিন্তু এলাকার বাসিন্দাদের ভোটার তালিকা যাচাই করতে গিয়ে তাপস ভদ্র নিজেই অবাক। তিনি সকলের নাম রয়েছে কিনা দেখবেন কী, দেখা যায় ২০০২ সালের ভোটার তালিকায় তাপস ভদ্রের নিজেরই নাম নেই। এই ঘটনায় হতবাক তিনি।

তাপস ভদ্রের অভিযোগ, "আমি দীর্ঘ দিনের কাউন্সিলর। কিন্তু আমারই নাম নেই। নতুন করে আবার ভোটার তালিকায় নাম তুলতে হবে। আমি এই ব্যাপারে বারুইপুর বিডিও এর কাছে অভিযোগ করেছি।" কাউন্সিলরের আরও অভিযোগ, "২০০২ সালের ২ ও ১৩ নম্বর ওয়ার্ডের প্রায় ১০০ জনের নাম ভোটার তালিকায় নেই। কেন এমন হবে? কেন্দ্রীয় চক্রান্তের শিকার আমি। আমি কাউন্সিলর, আমার নিজেরই নাম নেই। স্থানীয় বাসিন্দাদের কাছে কী করে জবাব দেব ভাবছি।"







(১ম পাতার পর)

# বিএলএ নিয়োগে কে কোথায় দাঁড়িয়ে

প্রক্রিয়া ধারাবাহিকভাবে চলবে। শীঘ্রই বাকি বুথেও বিএলও নিয়োগ করা হবে।

রাজ্যের মোট ২৯৪টি কেন্দ্রের মধ্যে উত্তরের ৩টি কেন্দ্র বাদে বাকিগুলিতে শুরু হয়েছে এসআইআরের কাজ। বাকিগুলিতেও শীঘ্রই শুরু হবে। কমিশন জানিয়েছে, যাঁদের নাম ইতিমধ্যেই নির্বাচনী তালিকায় রয়েছে, তাঁদের কেবল ফর্মে প্রাসঙ্গিক তথ্য পূরণ করে জমা দিতে হবে। প্রত্যেক ভোটার ফর্মের একটি কপি BLO-র কাছে জমা দেবেন, আর অন্য কপিটি BLO স্বাক্ষর করার পর ফেরত পাবেন।

জেলা নির্বাচন আধিকারিকদের (DEO) নির্দেশ, প্রত্যেক বুথে অন্তত একজন করে BLA থাকা বাধ্যতামূলক। আগামী এক মাস ধরে চলবে এই অভিযান, ০৪.১১.২০২৫ থেকে ০৪.১২.২০২৫ পর্যন্ত। এখন দেখার, শেষ পর্যন্ত কোন রাজনৈতিক দল কতজন বিএলএ নিযুক্ত করে।

# 'ভয় কীসের?'– এসআইআর ইস্যুতে রাজ্যবাসীকে আশ্বস্ত করলেন মমতা

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

বিশেষ নিবিড় সংশোধন (এসআইআর) প্রক্রিয়ার মাধ্যমে ভোটার তালিকায় যে 'ভীতি' তৈরি হয়েছে, তার বিরুদ্ধে মঙ্গলবার কলকাতায় প্রতিবাদ মিছিল করে তৃণমূল। মিছিল শেষে দলনেত্রী তথা মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় জনতাকে 'ভরসা' জুগিয়েছেন।নিজেকে 'দিদি' হিসাবেই তুলে ধরে মমতা বলেন, "দিদি এখনও আছে! ভয় পাবেন না। ওরা কারও নাম বাদ দিতে পারবে না।" মমতা আরও বলেন, "দরকারে থালাবাটি বেচে আমরা আপনাদের সাহায্য করব। যাঁদের কোনও কাগজ নেই, তাঁরা তৃণমূলের ক্যাম্পে যান। আমাদের কর্মীরা সমন্বয় করে সব তৈরি করার বন্দোবস্ত করবে।"

মমতার আগেই বক্তৃতা করতে উঠে অভিষেক বন্দ্যোপাধ্যায় জানিয়ে দিলেন, নেত্রীর অনুমতি নিয়েই তিনি বলছেন, আগামী দু'মাসের মধ্যে এসআইআর নিয়ে দিল্লি অভিযানে যাবে তৃণমূল। কয়েক দিন ধরেই দিল্লি অভিযানের প্রস্তুতির বিষয়ে সংগঠনে বার্তা দিচ্ছিলেন অভিষেক। মঙ্গলবার কার্যত বলেই দিলেন, দু'মাসের মধ্যেই হবে সেই অভিযান। সূত্রের খবর, এসআইআর প্রক্রিয়া ঠিক কেমন ভাবে চলছে, তা মেপে নিতে চাইছেন অভিষেক। তেমন হলে সপ্তাহখানেক পর থেকেই তিনি জেলা সফরে যেতে পারেন। যদিও গোটাটাই পরিকল্পনার স্তরে রয়েছে। এখনও কিছুই চূড়ান্ত নয়। মঙ্গলবার 'এসআইআর আতঙ্কে মৃত'দের 'শহিদ' বলে অভিহিত করেন অভিষেক। মঞ্চের সামনে গত সাত দিনে মৃত সাত জনের নাম সংবলিত তোরণও ছিল। তাতে পুষ্পার্ঘ্য দিয়ে তার পর মঞ্চে ওঠেন মমতা এবং অভিষেক।

মঙ্গলবার দুপুরে রেড রোডে বিআর অম্বডকরের মূর্তির সামনে থেকে মিছিল শুরু করেন মমতা এবং অভিষেক। সে মিছিলে ভিড়ও হয়েছিল চোখে পড়ার মতো। বিভিন্ন ধর্মের গুরু থেকে শুরু করে টেলি-টলি তারকা, খেলোয়াড়েরাও পা মিলিয়েছেন মিছিলে। প্রায় সাড়ে চার কিলোমিটার পথ পেরিয়ে মিছিল শেষ হয় জোড়াসাঁকো ঠাকুরবাড়ির সামনে। সেন্ট্রাল অ্যাভিনিউয়ের উপর জোড়াসাঁকো ঠাকুরবাড়ির যে তোরণ রয়েছে, তার পাশেই বাঁধা হয়েছিল মঞ্চ। তৃণমূলের মিছিল এবং সভা ঘিরে প্রায় সাড়ে তিন ঘণ্টা অবরুদ্ধ ছিল সেন্ট্রাল অ্যাভিনিউ।

মিছিলে অংশ নিয়েছিলেন মতুয়া সম্প্রদায়েরও একদল মানুষ। নিজস্ব বাদ্যযন্ত্র সহযোগে মিছিলে হাঁটেন তাঁরা। সভায় মমতা বলেন, "মতুয়াদের ভুল বুঝিয়ে দু'নম্বরি করে টাকা তোলা হচ্ছে। বলেছিল নাগরিকত্ব দেবে। কিন্তু দেয়নি। এখন এ সব করছে।" অভিষেকও মতুয়াদের সতর্ক করতে চেয়েছেন। তিনি বলেন, "মতুয়া ভাইবোনেদের কাছে অনুরোধ করব, বিজেপির ফাঁদে পা দেবেন না। তা হলে আপনাদের অবস্থাও অসমের ১২ লক্ষ হিন্দু বাঙালির মতো হবে।"

নির্বাচন কমিশন এসআইআর প্রক্রিয়ায় ২০০২ সালের ভোটার তালিকাকে সূচক ধরেছে। কমিশন বলেছে, ২০০২ সালের ভোটার তালিকায় যাঁদের নাম ছিল, তাঁদের কোনও নতুন করে কোনও নথি জমা দিতে হবে না। দক্ষিণ ২৪ পরগনার কুলপি-সহ বিভিন্ন এলাকার ভোটার তালিকা দেখিয়ে তৃণমূল দাবি করেছে, সেখানে ২০০৩ সালের তালিকাকে সূচক করা হচ্ছে।

মঙ্গলবার মমতা এবং অভিষেক কমিশনের এদিক-ওদিক নিয়ে প্রশ্ন তুলেছেন। মমতার কথায়, "আপনারা তৈরি থাকুন। বুথ থেকে কোর্ট, কোর্ট থেকে রাস্তা, সর্বত্র লড়াই হবে। মানুষের নাম কেটে ওরা আমাদের হারাতে পারবে না।" মঙ্গলবারের কর্মসূচি থেকেও মমতা এবং অভিষেক দু'জনেই বিজেপি এবং কমিশনকে একই বন্ধনীতে ফেলে আক্রমণ শানিয়েছেন। নাম না-করে মমতা আক্রমণ শানান নরেন্দ্র মোদী, অমিত শাহ, শুভেন্দু অধিকারী এবং দেশের নির্বাচন কমিশনারকে।

কয়েক বছর আগে তৃণমূলের বিরুদ্ধে সল্টলেক পুরসভা নির্বাচনের সময়ে অভিযোগ উঠেছিল, প্রয়াত হওয়ার পরেও সঙ্গীত শিল্পী দ্বিজেন মুখোপাধ্যায়ের নামে ভুয়ো ভোট দিয়ে দেওয়া হয়েছে। মঙ্গলবার প্রয়াত দ্বিজেনের প্রসঙ্গ উল্লেখ করে মমতা বলেন, "১৯৮৯ সালে দ্বিজেনদা শ্যামপুকুর থেকে সল্টলেকে চলে গিয়েছিলেন। কিন্তু ২০০২ সালের তালিকায় তাঁর নাম ছিল না।" ২০০২ সালের তালিকা কতটা নির্ভুল, তা নিয়েও প্রশ্ন তোলেন মুখ্যমন্ত্রী। পাশাপাশি অভিষেকের তুলে ধরা ভাষ্য ফের মমতার মুখে শোনা গিয়েছে মঙ্গলবার। তৃণমূলনেত্রী বলেন, "বাংলাদেশ এবং মায়ানমারের সীমানা রয়েছে যে রাজ্যগুলির সঙ্গে, সেই ন'টি রাজ্যের মধ্যে একমাত্র কেন বাংলাতেই এসআইআর হচ্ছে? কেন অসমে হচ্ছে না। ওখানেও তো ভোট। কারণ, অসমে হলে বিজেপি হেরে যাবে।" বিজেপির উদ্দেশে হুঁশিয়ারির সুরে মমতা আরও বলেন, "ভোটার তালিকা থেকে এক জন বৈধ ভোটারের নাম বাদ দিলে দিল্লির সরকারও ভেঙে দেব।"

# পানাপুকুর থেকে মিলল ৩ বস্তা আধার কার্ড!



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

SIR নিয়ে দুই দলের দুই রকম প্রচারে বিভ্রান্তি বাড়ছে সাধারণ মানুষের। তৃণমূলের তরফ থেকে যেমন একদিকে বলা হচ্ছে যে, SIR-এর ফলে সাধারণ নাগরিকদের ভোটাধিকার চলে যাওয়ার সম্ভাবনা রয়েছে, তেমনই বিজেপির তরফ থেকে আবার বলা হচ্ছে, কেবলমাত্র অনুপ্রবেশকারীদেরই নাম বাদ যাবে, যাঁরা এই দেশের নাগরিক, তাঁদের কোনও সমস্যা নেই।

লখনউ পুরসভা সূত্রের খবর, পুরসভার আওতায় থাকা বিভিন্ন দফতরে প্রায় ১২ হাজার সাফাই কর্মী রয়েছেন। তাদের মধ্যে অনেকেই বাংলাদেশি বলে অতীতে একাধিকবার অভিযোগ উঠেছে। এই পরিস্থিতিতে বিধানসভা ভোটের আগে পশ্চিমবঙ্গে যখন SIR প্রক্রিয়া শুরু হয়েছে, তখন লখনউ পুরসভার সাফাই কর্মীদের মধ্যে কে বাংলাদেশি, আর কে রোহিঙ্গা, তা খুঁজে দেখতে মাঠে নামছে পুর কর্তৃপক্ষ। পুরসভা সূত্রের খবর, ইতিমধ্যেই নথি যাচাইয়ের প্রক্রিয়ার জন্য সংশ্লিষ্ট থানা গুলিকে নির্দেশ দেওয়া হয়েছে। ১ সপ্তাহের মধ্যে গোটা প্রক্রিয়া শেষ করার সময়সীমা বেঁধে দিয়েছে লখনউ পুরসভা।অনেক জায়গা থেকেই অভিযোগ উঠে আসছে যে, ভুয়ো পরিচয়পত্র বানিয়ে অনেকেই এই দেশে রয়েছেন। আর এই আবহেই, পানাপুকুর থেকে উদ্ধার হল, ৩ বস্তা আধার কার্ড! ঘটনাটি ঘটেছে পূর্বস্থলীতে।

এরপর ৬ পাতায়

# সম্পাদকীয়

## ৯টি রাজ্য ও ৩টি কেন্দ্রশাসিত অঞ্চলে দ্বিতীয় পর্যায়ে ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনের সূচনা

ভারতের নির্বাচন কমিশন, সংবিধানের ৩২৪ অনুচ্ছেদের ২১নম্বর ধারায় ৯টি রাজ্য ও ৩টি কেন্দ্রশাসিত অঞ্চলে ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনের কাজ শুরু করার নির্দেশ দিয়েছে। এক্ষেত্রে ১৯৫০ সালের জনপ্রতিনিধি আইন এবং ১৯৬০ সালের নির্বাচকদের নিবন্ধন সংক্রান্ত নিয়মাবলী অনুসারে প্রয়োজনীয় নির্দেশ দেওয়া হয়েছে।

বিহারে ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন বা স্পেশাল ইনটেনসিভ রিভিশন (এসআইআর) সফলভাবে বাস্তবায়িত হওয়ার পর ৯টি রাজ্য —পশ্চিমবঙ্গ, ছত্তিশগড়, গোয়া, গুজরাট, কেরালা, মধ্যপ্রদেশ, রাজস্থান, তামিলনাড়ু ও উত্তরপ্রদেশ এবং ৩টি কেন্দ্রশাসিত অঞ্চল — আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ, লাক্ষাদ্বীপ ও পুদুচেরিতে এই প্রক্রিয়া শুরু হলো। ৩২১টি জেলায় ১,৮৪৩টি বিধানসভা কেন্দ্রের ৫১ কোটি ভোটদাতা এই কর্মসূচির আওতায় এসেছেন।

এসআইআর-এর ইনুমারেশন প্রক্রিয়াটি চলবে ৪ ডিসেম্বর পর্যন্ত। এই ১২টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের প্রত্যেক ভোটদাতাকে একটি ইউনিক ইনুমারেশন ফর্ম দেওয়া হবে। ২৭ অক্টোবর ভোটার তালিকায় যাদের নাম রয়েছে তারাই এই ফর্ম পাবেন। এই ফর্মের খানিকটা অংশ পুরণ করা রয়েছে। ফর্মটি ভোটদাতাদের মধ্যে বিতরণ করা শুরু হয়েছে। ১০০ শতাংশ ফর্ম ছাপানোর কাজও শেষ হয়েছে।

পুরো প্রক্রিয়াটি যাতে নির্বাচকমণ্ডলির সুবিধা অনুসারে যথাযথভাবে সম্পন্ন করা যায় তার জন্য ৫ লক্ষ ৩০ হাজারের বেশি বুথ লেভেল অফিসার বা বিএলও, ৭ লক্ষ ৬৪ হাজারের বেশি বুথ লেভেল এজেন্ট, ১০,৪৪৮ জন ইআরও এবং এইআরও ও ৩২১ জন ডিইও-কে কাজে লাগানো হয়েছে।

ইনুমারেশন পর্বে বিএলও-রা প্রত্যেক বাড়িতে গিয়ে কমপক্ষে তিনবার ফর্ম বিতরণ এবং সেই ফর্ম সংগ্রহের কাজ করবেন।

ভোটদাতারা তাদের নাম এবং তাদের আত্মীয়স্বজনের নাম পূর্ববর্তী এসআইআর ভোটার তালিকায় রয়েছে কি না, সেটি দেখার জন্য https://voters.eci.gov.in/ -এই ওয়েবসাইটে দেখতে পারেন। এর পর ওই ওয়েবসাইট থেকে প্রাপ্ত তথ্য ইনুমারেশন ফর্মে দিতে হবে।

ভোটদাতাদের কোনো সহায়তার প্রয়োজন হলে তারা ECINet অ্যাপ অথবা ১৯৫০ নম্বরে ডায়াল করে 'Book-a-call with BLO'-র মাধ্যমে বিএলও-দের সঙ্গে যোগাযোগ করতে পারেন।

# পৃথিবীর সৃষ্টির মূলে শিব



**মৃত্যুঞ্জয় সরদার**
**(ছত্রিশতম পর্ব)**



বিবাহ হয়। দুই বিবাহ-ই প্রচ্ছন্ন।” তবে বিজ্ঞানের মতবাদ অনুযায়ী কোনো বস্তু কিছু না থেকে সৃষ্টি হয়ে কিছু না তে শেষ হয়েছে। আমাদের বিশ্ব ব্রহ্মাণ্ডের সমস্ত বস্তু শিব থেকে এসেছে আবার সেটি শিবে মিশে যাবে। শিব গোটা বিশ্ব ব্রহ্মাণ্ডে বিরাজ করে। এক কথায় বলা যায় শিবই হল বিশ্ব ব্রহ্মান্ড। বিজ্ঞানের কথায় শক্তির সৃষ্টি ও বিনাশ নেই শক্তিকে কেবল এক রূপ থেকে অন্য রূপে রূপান্তর করা হয়। হিন্দু শাস্ত্র মতে ও শক্তির অন্য রূপ শিবের কোন সৃষ্টি ও বিনাশ নেই। হিন্দু শাস্ত্র মতে

**ক্রমশঃ**

**(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)**

# আজ বিহারের ১২১টি আসনের জন্য কঠোর নিরাপত্তার মধ্যে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে, বিদেশীরাও নজর রাখবেন

**ডঃ সমরেন্দ্র পাঠক**
**সুবীর, সম্পত, তরুণ**

**পাটনা/নয়াদিল্লি, ৫ নভেম্বর, ২০২৫ (এজেন্সি)।** বিহার নির্বাচনের প্রথম ধাপে কঠোর নিরাপত্তার মধ্যে আগামীকাল ১২১টি আসনের জন্য ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে। এই উদ্দেশ্যে, ১৮টি জেলায় ৪৫,৩৪১টি ভোটকেন্দ্র স্থাপন করা হয়েছে। প্রথম ধাপে প্রায় ২.৭৫ কোটি ভোটার ১,৩১৪ জন প্রার্থীর ভাগ্য নির্ধারণ করবেন।

প্রথম ধাপে যে বিশিষ্ট প্রার্থীদের ভাগ্য নির্ধারণ করা হবে তাদের মধ্যে রয়েছেন সিনিয়র প্রতিমন্ত্রী বিজয় কুমার চৌধুরী, প্রাক্তন মন্ত্রী ডঃ রেণু কুশওয়াহা এবং ললিত যাদব, প্রাক্তন ভারতীয় পুলিশ পরিষেবা কর্মকর্তা আর.কে. মিশ্র এবং প্রাক্তন ভারতীয় রাজস্ব পরিষেবা কর্মকর্তা সুজিত কুমার এবং গায়িকা মৈথিলী ঠাকুর।

নির্বাচন কমিশনের তথ্য অনুযায়ী, প্রথম ধাপে পাটনা জেলা (১৪), মুজাফফরপুর (১১), দারভাঙ্গা, সমস্তিপুর এবং সরণ (১০টি করে), বৈশালী এবং সিওয়ান (৮টি করে), বেগুসরাই, নালন্দা এবং ভোজপুর (৭টি করে), গোপালগঞ্জ (৬), সহরসা, বক্সার, মাধেপুরা এবং খাগারিয়া (৪টি করে), মুঙ্গের (৩) এবং লক্ষীসরাই এবং শেখপুরা জেলা (২টি করে) -এ সর্বোচ্চ ভোটগ্রহণ করা হবে।

মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারের মতে, সাতটি দেশের ১৪ জন বিদেশী প্রতিনিধি এই ভোটগ্রহণ প্রক্রিয়াটি নিবিড়ভাবে পর্যবেক্ষণ করবেন। এর মধ্যে রয়েছে ফ্রান্স, দক্ষিণ আফ্রিকা, বেলজিয়াম, ইন্দোনেশিয়া, ফিলিপাইন, থাইল্যান্ড এবং কলম্বিয়া। এল.এস.

# বাংলা হচ্ছে মাতৃ শক্তি উপাসনার সেরা ভূমি



**-: মৃত্যুঞ্জয় সরদার :-**

তাঁর চতুর্দিকে ঘোররবকারী শিবাকুলের দ্বারা পরিবৃতা ...” (অশোক রায় ২২১)।

প্রসঙ্গত আগমবাগীশের অনেক আগেই, ত্রয়োদশ/চতুর্দশ শতকে বৃহদ্ধর্মপুরাণে কালীর বর্ণনা প্রায় একই রকম, কাজেই এই কালীকল্পনা কোনওমতেই আগমবাগীশ সৃষ্ট নয়। **ক্রমশঃ**


## • সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# ভুয়ো পাসপোর্ট মামলায় ইডির স্ক্যানারে খড়দহের ব্যবসায়ী

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

ভুয়ো পাসপোর্ট মামলার তদন্তে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা এনফোর্সমেন্ট ডিরেক্টরেটের নজরে খড়দহের ব্যবসায়ী বিনোদ গুপ্তার বিদেশ যাত্রা। তদন্তকারীদের দাবি, গত ১০ বছরে ৯০০ বার ব্যাংকক গিয়েছেন এই ব্যবসায়ী। কিন্তু কেন? তারই খোঁজ চালাচ্ছেন ইডির আধিকারিকরা। ভুয়ো পাসপোর্ট মামলার নেটওয়ার্ক খুঁজতে গত সোমবার নদিয়া-সহ রাজ্যের বিভিন্ন জায়গায় হানা দেন ইডি আধিকারিকরা।শুধু তাই নয়, ব্যবসায়ীর আর্থিক লেনদেনও যথেষ্ট সন্দেহজনক বলে দাবি ইডি। ফলে ফের একাধিক প্রশ্নের উত্তর জানতে ফের বিনোদ গুপ্তকে জেরা করতে পারে কেন্দ্রীয় এই তদন্তকারী সংস্থা। বলে রাখা প্রয়োজন, গত কয়েকদিন আগে পাকিস্তানি নাগরিক আজাদ মল্লিককে জাল পাসপোর্ট মামলায় গ্রেপ্তার করে ইডি। তাঁকে জেরা করে উত্তর ২৪ পরগনা এবং নদিয়ার গেদে সীমান্তের বিভিন্ন জায়গায় তল্লাশি চালান তদন্তকারীরা। সম্প্রতি নদিয়ার




শিবপুর থেকে ইন্দুভূষণ হালদার নামে আরও একজন গ্রেপ্তার হয়। জানা গিয়েছে, পাকিস্তানি নাগরিক আজাদের সঙ্গে আবার যোগাযোগ রয়েছে ইন্দুভূষণের। শুধু তাই নয়, ধৃত ইন্দুভূষণকে জেরা করেই খড়দহের ব্যবসায়ী বিনোদ গুপ্তার নাম পান ইডি আধিকারিকরা। জানা যায়,ভুয়ো পাসপোর্ট তৈরি করে যে টাকা ইন্দুভূষণরা পেয়েছিলেন, তা ফরেক্সে বিনিয়োগ করেছিলেন। সেই লেনদেন থেকেই বিনোদের খোঁজ পান ইডি আধিকারিকরা।সেই সূত্রেই মঙ্গলবার খড়দহের ব্যবসায়ী বিনোদ গুপ্তের বাড়িতেও যান তদন্তকারীরা। গভীর রাত পর্যন্ত ওই ব্যবসায়ীর বাড়িতে তল্লাশি চলে। দীর্ঘ তল্লাশিতে একাধিক নথি বাজেয়াপ্ত করা হয়েছে। শুধু তাই নয়, হাতে এসেছে বেশ কিছু চাঞ্চল্যকর তথ্যও।

যা রীতিমতো সন্দেহজনক বলে দাবি এনফোর্সমেন্ট ডিরেক্টরেটের। অন্যদিকে গত ১০ বছরে কেন ৯০০ বার ব্যাঙ্কক যেতে হল বিনোদ গুপ্তকে সেটাই এখন খতিয়ে দেখা হচ্ছে। যদিও এই ব্যবসায়ীর দাবি, তাঁর মশলার ব্যবসা রয়েছে। সেই কাজের জন্যেই বারবার বিদেশ যাত্রা। যদিও তা মানতে নারাজ তদন্তকারীর। ইডি সূত্রে খবর,

# প্রধানমন্ত্রী 'বিহার কোকিলা' শারদা সিনহা জি-কে শ্রদ্ধা জানালেন

**নয়াদিল্লি, ০৫ নভেম্বর ২০২৫**

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী 'বিহার কোকিলা' বা বিহারের কোকিল নামে খ্যাত গায়িকা শারদা সিনহা জি-র প্রথম মৃত্যুবার্ষিকীতে শ্রদ্ধা জানিয়েছেন। শ্রী মোদী বলেন, "তিনি লোকসঙ্গীতের মাধ্যমে বিহারের শিল্প ও সংস্কৃতিকে একটি নতুন পরিচয় দিয়েছিলেন, যার জন্য তিনি সর্বদা স্মরণীয় হয়ে থাকবেন। মহান উৎসব ছট নিয়ে গাওয়া তাঁর সুরেলা গানগুলি চিরকাল মানুষের হৃদয়ে গেঁথে থাকবে",

এক্স হ্যান্ডেলে একটি পোস্টে শ্রী মোদী বলেন:

"বিহার কোকিলা শারদা সিনহাজির প্রথম মৃত্যুবার্ষিকীতে তাঁর প্রতি আন্তরিক শ্রদ্ধাঞ্জলি জানাই। তিনি লোকগানের মাধ্যমে বিহারের শিল্প ও সংস্কৃতিকে একটি নতুন পরিচয় দিয়েছিলেন, যার জন্য তিনি সর্বদা স্মরণীয় হয়ে থাকবেন। মহান উৎসব ছট নিয়ে গাওয়া তাঁর সুরেলা গানগুলি সর্বদা মানুষের মনে গেঁথে থাকবে।"

## আপাতকালীন পরিষেবা তালিকাসূচী

**Emergency Contacts**
Ambulance - 102
Ambulance [illegible] - 9735697689
Child Line – 112
Canning PS - 03218-255221
FIRE - 9064495235

**Contacts of Hospital, Nursing Home & Doctors**
Canning S.D Hospital - 03218-255352
Dipanjan Nursing Home - 03218-255691
Green View Nursing Home - 03218-255550
A.K.Moolal Nursing Home - 03218-315247
Binapani Nursing Home - 9732545652
Nazat Nursing Home, Taldi - 9143032199
Welcome Nursing Home - 9733593488
Dr. Bikash Sapui - 03218-255269
Dr. Biren Mondal - 03218-255247
Dr Arun Dulal Paul - 03218 - (Cham) 253219
(Re) 255548
Dr. Phani Bhusan Das - 03218 - 255364,
(Cham) 255264
Dr. A.K. Bhartacherjee - 03218-255518
Dr. Lokenath Sa - 03218-255660

**Administrative Contacts**
SP Office - 033-24330010
SDO Office - 03218-255340
SDPO Office - 03218-285398
BDO Office - 03218-255205

**Contacts of Railway Stations & Banks**
Canning Railway Station - 03218-255275
SBI (Canning Town) - 03218-255216,255218
PNB (Canning Town) - 03218-255231
Mahila Co-operative Bank - 03218-255134
WB State Co-operative - 03218-255239
Bandhan Bank - Mob. No. 7596012991
Axix Bank - 03218-255352
Bank of Boroda, Canning - 03218-257888
ICICI Bank, Canning - 03218-255206
HDFC Bank, Canning Hos. More - 9088107808
Bank of India, Canning - 03218 - 245091

## রাত্রিকালীন ঔষধ পরিষেবার তালিকাসূচী (ক্যানিং)

প্রতি মাসের এই তারিখে এই সমস্ত দোকান খোলা থাকবে

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 01 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 02 ভারত মেডিকেল হল | 03 সপ্না মেডিকেল হল | 04 ভারত মেডিক্যাল হল | 05 ঘোষ মেডিকেল | 06 ঔষধ ঘর |
| 07 আরোগ্য মেডিক্যাল | 08 মেডিকেয়ার ফার্মেসী | 09 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 10 জীবন জ্যোতি ফার্মেসী | 11 সিনহা মেডিকেল হল | 12 গোকুল ফার্মেসী |
| 13 ঔষধ ঘর | 14 সৌভিক ফার্মেসি | 15 নির্মলা মেডিকেল হল | 16 মাতৃ ফার্মেসী | 17 ইউনিক ফার্মেসী | 18 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি |
| 19 ঘোষ মেডিকেল | 20 সৌভিক ফার্মেসি | 21 আরোগ্য মেডিকেল | 22 মেডিকেয়ার ফার্মেসী | 23 শোভা মেডিকেল হল | 24 প্রমিলা মেডিকেল কর্নার |
| 25 সিনহা মেডিকেল হল | 26 ঘোষ মেডিকেল | 27 মাতৃ ফার্মেসী | 28 সৌভিক ফার্মেসি | 29 নির্মলা মেডিকেল হল | 30 মাতৃ ফার্মেসী |

ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র
নিউজ সারাদিন
বাংলার মানুষের সাথে, মানুষের পাশে
রেজিস্ট্রেশন অনুযায়ী
এবার থেকে
ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র
রোজদিন
বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

পত্রিকা দপ্তর ও কুইনপ্রেসে চিঠিপত্র, লেখালেখি ও সংবাদ পাঠাতে হলে যোগাযোগ করুন নিচের দেওয়া ঠিকানা ও মোবাইল নম্বরে

কুইন প্রেস ও পত্রিকা দপ্তর

Editor
Mrityunjoy Sardar
C/o, Lalu sarda
Village:Hedia
P.O.:Uttar Moukhali
P.S. : Jibantala
District :South 24 Parganas
Pin:743329(W.B)

Mobile : 9564382031

# মার্কিন কৃষি পণ্যের ওপর শুল্ক স্থগিত করছে চীন

**স্টাফ রিপোর্টার, রোজদিন**



চীনের প্রেসিডেন্ট শি জিনপিং শি এর সঙ্গে ডোনাল্ড ট্রাম্পের বৈঠকের পর মার্কিন পণ্যের ওপর অতিরিক্ত শুল্ক স্থগিত করার ঘোষণা দিয়েছে চীন। তবে মার্কিন সয়াবিন আমদানিতে এখনও ১৩ শতাংশ শুল্ক বলবৎ রয়েছে।

বুধবার (৫ নভেম্বর) চীনের স্ট্রেট কাউন্সিলের ট্যারিফ কমিশনের বরাত দিয়ে রয়টার্সের এক প্রতিবেদনে এ তথ্য নিশ্চিত করা হয়েছে।

প্রতিবেদনে বলা হয়েছে, কমিশন কিছু কৃষি পণ্যের ওপর ১০ শতাংশ শুল্ক বহাল রেখে এক বছরের জন্য মার্কিন পণ্যের ওপর ২৪ শতাংশ অতিরিক্ত শুল্ক স্থগিত করবে।

বছরের পর বছর ধরে শুল্ক বিরোধের পর দ্বিপাক্ষিক বাণিজ্য সম্পর্ক স্থিতিশীল করা এবং অর্থনৈতিক পুনরুদ্ধারকে সমর্থন করার লক্ষ্যে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

বেইজিং ১০ নভেম্বর থেকে মার্কিন কৃষি পণ্যের ওপর ১৫ শতাংশ পর্যন্ত নির্দিষ্ট শুল্ক প্রত্যাহারের পরিকল্পনাও ঘোষণা করেছে।

বিশ্লেষকরা বলছেন, এই পদক্ষেপের ফলে সয়াবিন, ভুট্টা এবং মাংসের মতো গুরুত্বপূর্ণ পণ্যের আমদানি বৃদ্ধি পেতে পারে। যা খাদ্যের ক্রমবর্ধমান দামের মধ্যে মার্কিন কৃষক এবং চীনা ভোক্তা উভয়কেই উপকৃত করবে।

প্রসঙ্গত, গত সপ্তাহে চীনের প্রেসিডেন্ট শি জিনপিং শি এবং ট্রাম্পের মধ্যে একটি উচ্চ পর্যায়ের বৈঠক অনুষ্ঠিত হয়েছে। বৈঠকে তারা বাণিজ্য, প্রযুক্তি এবং আঞ্চলিক স্থিতিশীলতা নিয়ে আলোচনা করেছেন।

বৈঠকে কোনো বড় চুক্তি স্বাক্ষরিত না হলেও সংলাপটি বিশ্বের দুটি বৃহত্তম অর্থনীতির মধ্যে উত্তেজনা কমানোর জন্য একটি নতুন প্রচেষ্টা বলে চিহ্নিত হয়েছে।

বৈঠক শেষে ট্রাম্প এবং হোয়াইট হাউস জানিয়েছে, চীন ২০২৫ সালের শেষ দুই মাসে কমপক্ষে ১ কোটি ২০ লাখ মেট্রিক টন মার্কিন সয়াবিন কিনবে এবং পরবর্তী তিন বছরে প্রতিটি মাসে কমপক্ষে ২৫ লাখ টন করে সয়াবিন কিনবে। তবে বেইজিং এর পক্ষ থেকে এ বিষয়ে তাৎক্ষণিক কোন প্রতিক্রিয়া জানানো হয়নি।

(৩ পাতার পর)

# পানাপুকুর থেকে মিলল ৩ বস্তা আধার কার্ড!

আজ পূর্বস্থলীর একটি জলা জমি থেকে উদ্ধার করা হয় ৩ বস্তা আধার কার্ড! প্রত্যেকটা আধার কার্ডেই ভিন্ন ভিন্ন নাম, ছবি ও পরিচয়পত্র। আধার কার্ডগুলি ভুয়ো বলে মনে করছে পুলিশ। স্থানীয় বাসিন্দাদের অভিযোগ, রাতের অন্ধকারে কেউ এই আধার কার্ড জলা জমিতে ফেলে দিয়ে গিয়েছে। এই ঘটনা নিয়েও শুরু হয়েছে তৃণমূল বিজেপি তরজা। বিজেপির দাবি, SIR-এর ভয়েই ভুয়ো আধার কার্ড ফেলে দেওয়া হয়েছে। অন্যদিকে তৃণমূল বলছে, নকল আধার কার্ড, তাই ফেলে দেওয়া হয়েছে। SIR আবহে যেখানে বারে বারে অভিযোগ উঠছে ভুয়ো নথি বানিয়ে এ দেশে থাকার, সেই পরিস্থিতিতে ৩ বস্তা আধার কার্ড উদ্ধার হওয়ার মতো ঘটনায় তৈরি হয়েছে চাঞ্চল্য। গোটা বিষয়টি খতিয়ে দেখছে পুলিশ।

অন্যদিকে, ভোটার তালিকার বিশেষ সংশোধনের প্রক্রিয়া শুরু হওয়ার পর থেকে, গত কয়েকদিনে কখনও একের পর এক বাংলাদেশি গ্রেফতার হয়েছে, আবার কোথাও বাংলাদেশিদের হঠাৎ করে বেপাত্তা হয়ে যাওয়ার খবর সামনে এসেছে! আর এসবের মধ্যেই প্রশ্ন উঠেছে, 'SIR' আতঙ্কেই কি ওপারে পালানোর চেষ্টা করছেন বাংলাদেশিরা? এই আবহে এবার বাংলাদেশি এবং রোহিঙ্গাদের খুঁজতে বিশেষ অভিযানে নামতে চলেছে বিজেপিশাসিত উত্তরপ্রদেশের লখনউ পুরসভা। ইতিমধ্যেই এ নিয়ে লিখিত নির্দেশ জারি করেছেন লখনউ পুরসভার চেয়ারম্যান সুষমা খারাকওয়াল।

# শ্রী গুরু নানক দেব জির প্রকাশ পরব উপলক্ষ্যে প্রধানমন্ত্রীর শুভেচ্ছা



**নতুন দিল্লি, ০৫ নভেম্বর, ২০২৫**

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ শ্রী গুরু নানক দেব জি-র প্রকাশ পরব উপলক্ষ্যে সকলকে শুভেচ্ছা জানিয়েছেন। শ্রী মোদী বলেছেন, শ্রী গুরু নানক দেব জি-র জীবন ও বাণী মানবজাতিকে শাশ্বত প্রজ্ঞার মধ্য দিয়ে পথ দেখায়। "পরদুঃখকাতরতা, সাম্য, মানবিকতা এবং জনসেবা সম্পর্কে তাঁর শিক্ষা অত্যন্ত অনুপ্রেরণাদায়ক"।

সামাজিক মাধ্যম এক্স-এ এক বার্তায় প্রধানমন্ত্রী বলেছেন:

"শ্রী গুরু নানক দেব জি-র জীবন ও বাণী মানবজাতিকে শাশ্বত প্রজ্ঞার মধ্য দিয়ে পথ দেখায়। পরদুঃখকাতরতা, সাম্য, মানবিকতা এবং জনসেবা সম্পর্কে তাঁর শিক্ষা অত্যন্ত অনুপ্রেরণাদায়ক। তাঁর প্রকাশ পরবে সকলকে শুভেচ্ছা জানাই। তাঁর আধ্যাত্মিক ভাবনা আমাদের এই পৃথিবীকে সর্বদা পথ দেখাবে।"

# সিনেমার খবর

## নিজের সিনেমা বেশিবার দেখি না: কোয়েল

স্টাফ রিপোর্টার, রোজদিন

বাংলার সিনেমার জনপ্রিয় মুখ কোয়েল মল্লিক। ইন্ডাস্ট্রিতে তিনি 'টলিউড কুইন' হিসেবে পরিচিত। তবে এ বিশেষণ শুনলে ভীষণ লজ্জা পান অভিনেত্রী। অল্পতেই মিশে যান সবার সঙ্গে।

সম্প্রতি এক পডকাস্টে নিজের সিনেমা নিয়ে কথা বলেছেন তিনি। জানান, নিজের ছবি বেশিবার দেখাটা তার মোটেই পছন্দ নয়।

মাস কয়েক আগে 'শর্মিলা শো হাউস' পডকাস্টে হাজির হয়ে সিনেমা নিয়ে নানা কথা বলেছিলেন কোয়েল। সেখানেই এমনটা জানিয়েছেন তিনি।



কোয়েল বলেন, নিজের ছবি বেশিবার দেখতে পারি না। দেখলেই কেমন যেন মনে হয়। অনেকেই আছেন, যারা নিজের অভিনীত ছবি বারবার দেখতে পছন্দ করেন। টেলিভিশনে দেখালেই দেখতে পছন্দ করেন। কিন্তু আমি বেশিবার দেখি না। যদি খুব প্রয়োজন না হয়।

তিনি আরও বলেন, আসলে নিজের ছবি বারবার দেখলে আমার মধ্যে আত্মসমালোচনা চলতে থাকে। অনেককিছু দেখতে ও বুঝতে শুরু করি। তাই এসব থেকে দূরেই থাকি।

সম্প্রতি মুক্তি পেয়েছে কোয়েল মল্লিক ও কৌশিক সেন অভিনীত নতুন ছবি 'স্বার্থপর'। ছবিটি দর্শক মহলে প্রশংসা কুড়াচ্ছে।

## শাহরুখকে 'একঘেয়ে অভিনেতা' বললেন নাসিরুদ্দিন

স্টাফ রিপোর্টার, রোজদিন

অভিনয় দিয়ে গোটা বিশ্বের সিনেমাপ্রেমীদের মাতিয়ে রেখেছেন বলিউড অভিনেতা শাহরুখ খান। একনামে সবাই তাকে 'কিং খান' হিসেবে চেনে। সেই তাকেই 'একঘেয়ে অভিনেতা' বলে মন্তব্য করেছেন বর্ষীয়ান অভিনেতা নাসিরুদ্দিন শাহ।

এক সাক্ষাৎকারে নাসিরুদ্দিনকে প্রশ্ন করা হয়েছিল, খান-কুমার-দেবগনদের মধ্যে কার অভিনয় সবচেয়ে বেশি ভালো লাগে? উত্তরে নাসিরুদ্দিন জানিয়েছিলেন, তিনি প্রায় সকলের সঙ্গেই কাজ করেছেন। তবে আলাদা করে এদের অভিনয় দেখার জন্য কোনোদিন



কোনো চেষ্টা করেননি। যদিও এদের মধ্যে অক্ষয় কুমারের কথা আলাদা করে বলেন তিনি।

প্রবীণ এই অভিনেতা বলেন, একমাত্র অক্ষয় কুমারকে আমি খুব পছন্দ করি। কারও সাহায্য ও কোনো গডফাদার ছাড়াই নিজের জায়গা তৈরি করেছে ও। অভিনয় করারও যোগ্যতা রয়েছে ওর। বহুদিন ধরে কাজ করার পরে ও ভালো অভিনেতা হয়ে উঠতে পেরেছে।

এরপরেই তাকে আলাদা করে শাহরুখ খানের কথা জিজ্ঞাসা করা হয়। জবাবে নাসিরুদ্দিন বলেন, হ্যাঁ, ও নিজের ক্ষমতায় এমন জায়গা তৈরি করেছে, যার জন্য আমি ওকে পছন্দ করি। কিন্তু অভিনেতা হিসেবে ও দিন দিন একঘেয়ে হয়ে যাচ্ছে।

বর্তমানে 'কিং' ছবি নিয়ে ব্যস্ত সময় পার করছেন শাহরুখ। সর্বশেষ তাকে দেখা গিয়েছিল ছেলে আরিয়ান খানের পরিচালনায় 'দ্য ব্যা***ডস অব বলিউড' সিরিজে।

## বন্ধুত্ব নয়, অনির্বাণের সঙ্গে প্রেমের সম্পর্কে ছিলেন সোহিনী



স্টাফ রিপোর্টার, রোজদিন

একসময় টলিপাড়ায় অনির্বাণ ভট্টাচার্য ও সোহিনী সরকারের প্রেমের গুঞ্জন চাউর হয়েছিল। অবশ্য সে সময় দুজনের কেউই বিষয়টি স্বীকার করেননি। 'ভালো বন্ধু' বলে এড়িয়ে গেছেন গণমাধ্যমের প্রশ্নের জবাব। দেরিতে হলেও এবার নিজেদের অতীত সম্পর্কের কথা প্রকাশ্যে আনলেন সোহিনী। জানালেন, সহঅভিনেতা অনির্বাণের সঙ্গে সম্পর্কে ছিলেন তিনি।

তবে ঠিক কোন সময়ে তারা সম্পর্কে ছিলেন সে বিষয়টা স্পষ্ট করেননি সোহিনী।

এক প্রশ্নের জবাবে ভারতীয় সংবাদমাধ্যম টিভি নাইন বাংলাকে অভিনেত্রী বলেন, আমাদের একটা সম্পর্কও ছিল।

ফেডারেশন-পরিচালকদের দ্বন্দ্বে বর্তমানে 'বেকার' সময় কাটাচ্ছেন অনির্বাণ। এ প্রসঙ্গে সোহিনী বলেন, কোনো শিল্পী বা টেকনিশিয়ান কাজ থেকে বাদ পড়বেন, কোনো কাজের মানুষ কাজ থেকে বাদ পড়বেন, এটা হওয়ার কথা ছিল না। সে (অনির্বাণ) কাজের মানুষ। কাজের মানুষ কেন, কাজ থেকে বাদ পড়বে? তারপরও অনেক কিছু বলা উচিত। আবার অনেক কিছু বলা যাবে না, এটাও সত্যি কথা। ও ওর মতো করে লড়াই করছে। সেই লড়াইয়ে যদি সততার জয় হয়, ন্যায়ের জয় হয়, নিশ্চয়ই হবে।

বর্তমানে সংগীতশিল্পী শোভন গঙ্গোপাধ্যায়ের সঙ্গে দাম্পত্য সম্পর্কে রয়েছেন সোহিনী। গত বছরের ১৫ জুলাই চার হাত এক হয় তাদের। অন্যদিকে, মধুরিমা গোস্বামীর সঙ্গে বিবাহবন্ধনে আবদ্ধ অনির্বাণ। তাদের বিবাহিত জীবনের বয়স পাঁচ বছর।

# শ্রেয়াস আইয়ার কি মৃত্যুঝুঁকিতে ছিলেন?

**স্টাফ রিপোর্টার, রোজদিন**



অস্ট্রেলিয়ার ভারতীয় ক্রিকেটার শ্রেয়াস আইয়ার যে ঘটনার মুখোমুখি হয়েছেন। তাতে ক্রিকেটের খোঁজখবর রাখা অনেকেই আঁতকে উঠেছেন নিশ্চয়ই। সার্বিক পরিস্থিতি মিলে প্রশ্ন উঠছে আইয়ার আসলে কতোটা ঝুঁকিতে ছিলেন কিংবা এখনও আছেন?

ভারতের ওডিআই ক্রিকেট দলের সহ-অধিনায়ক শ্রেয়াস আইয়ার। তাকে বর্তমানে সিডনির একটি হাসপাতালের নিবিড় পরিচর্যা কেন্দ্র (আইসিইউ) থেকে সাধারণ ওয়ার্ডে স্থানান্তর করা হয়েছে। এনডিটিভিকে একটি সূত্র বিষয়টি নিশ্চিত করেছে। তবে পরিস্থিতির বিবরণ বলছে, আইআর এখনও পুরোপুরি শঙ্কামুক্ত নন।

রবিবার ভারত বনাম অস্ট্রেলিয়ার তৃতীয় ওয়ানডে চলাকালীন পাঁজরে চোট পান আইয়ার। এ কারণে তাঁর অভ্যন্তরীণ রক্তক্ষরণ হয়েছিল। অস্ট্রেলিয়ার ইনিংস চলাকালীন অ্যালেক্স কেরির ক্যাচ নেওয়ার সময় পিছনের দৌড়ে এসে ডাইভ দিতে গিয়ে শ্রেয়াস বাঁ-পাঁজর আঘাত পান।

জানা গেছে, ড্রেসিংরুমে ফেরার পর আইয়ার অজ্ঞান হয়ে যান এবং তাঁর গুরুত্বপূর্ণ শারীরিক প্যারামিটারগুলি আশঙ্কাজনকভাবে কমে যায়। এরপরই তাঁকে দ্রুত হাসপাতালে নিয়ে যাওয়া হয়।

পিটিআইয়ের রিপোর্ট অনুসারে, আইয়ার ড্রেসিংরুমে অজ্ঞান হয়ে গিয়েছিলেন এবং তাঁর গুরুত্বপূর্ণ প্যারামিটারগুলি আশঙ্কাজনকভাবে কম ছিল। স্ক্যান করে জানা যায় তার প্লীহা আঘাতপ্রাপ্ত হয়েছে। পরিস্থিতি স্থিতিশীল না হলে এটি মারাত্মক হতে পারত।

ক্রিকবাজের এক প্রতিবেদনে বলা হয়েছে, আইয়ারের স্বাস্থ্য এখনও নাজুক তবে স্থিতিশীল। সূত্রগুলি নিশ্চিত করেছে যে আইয়ার এখন আশঙ্কামুক্ত। কেরির ক্যাচটি নেওয়ার সময় হওয়া আঘাতের ফলে অভ্যন্তরীণ রক্তক্ষরণ হচ্ছিল। ভারতীয় দলের সফরকারী ডাক্তার ড. রিজওয়ান খান সার্বক্ষণিক তাকে দেখাশোনা করছেন।

বিসিসিআই এক বিবৃতিতে জানিয়েছে, শ্রেয়াস আইয়ার বাঁ-পাজরের নিচের অংশে আঘাত পেয়েছিলেন। স্ক্যান করে প্লীহাতে ল্যাসারেশন ইনজুরি ধরা পড়েছে। তিনি চিকিৎসাধীন, চিকিৎসাগতভাবে স্থিতিশীল আছেন এবং সুস্থ হচ্ছেন। বিসিসিআই আরও জানিয়েছে, ভারতীয় দলের ডাক্তার তাঁর দৈনিক অগ্রগতি পর্যবেক্ষণ করতে সিডনিতেই থাকবেন।

## অ্যাশেজের প্রথম টেস্টে অজিদের নেতৃত্বে স্মিথ



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

আগামী নভেম্বরে পার্থে শুরু হতে যাওয়া অ্যাশেজ সিরিজের প্রথম টেস্টে অস্ট্রেলিয়া থাকছেন না তারকা পেসার প্যাট কামিন্স। তার অনুপস্থিতিতে দলকে নেতৃত্ব দেবেন স্টিভ স্মিথ।

এ তথ্য জানিয়েছে ক্রিকেট অস্ট্রেলিয়া (সিএ)।

গত জুলাই থেকে পিঠের ইনজুরিতে ভুগছেন কামিন্স। আগামী ২১ নভেম্বর ইংল্যান্ডের বিপক্ষে সিরিজের প্রথম টেস্টে তার খেলা নিয়ে আগেই অনিশ্চয়তা ছিল। অবশ্য অজি কোচ অ্যান্ড্রু ম্যাকডোনাল্ড জানিয়েছেন, কামিন্স ইতোমধ্যে দৌড়ানো শুরু করেছেন।

এ প্রসঙ্গে ম্যাকডোনাল্ড বলেন, ম্যাচের জন্য সম্পূর্ণ ফিট হতে চার সপ্তাহেরও বেশি সময় লাগে। কিন্তু দুর্ভাগ্যবশত আমরা সেই সময়টা পাইনি। তবু দ্বিতীয় টেস্টের ব্যাপারে আমরা আশাবাদী।

এ সপ্তাহেই বল হাতে অনুশীলনে ফেরার কথা রয়েছে কামিন্সের। আগামী ৪ ডিসেম্বর ব্রিসবেনে শুরু হতে যাওয়া দ্বিতীয় টেস্টেই তার ফেরার সম্ভাবনা সবচেয়ে বেশি।

কামিন্সের অনুপস্থিতিতে দলে জায়গা পেতে পারেন স্কট বোল্যান্ড। তবে কোচের মতে, দলে বিকল্পের অভাব নেই।

ম্যাকডোনাল্ড বলেন, যদি স্কট বোল্যান্ডকে সম্ভাব্য বদলি হিসেবে ভাবা হয়, তাহলে আমরা খারাপ অবস্থায় নেই। আর কামিন্স ফিরে এলে সেটি হবে দলে এক বিশাল শক্তির যোগান।

ধারণা করা হচ্ছে, পার্থ টেস্টে অস্ট্রেলিয়ার পেস আক্রমণে হ্যাজেলউড ও স্টার্কের সঙ্গে থাকতে পারেন বোল্যান্ড। ১৪ টেস্টে ১৬.৫৩ গড়ে ৬২ উইকেট নেওয়া ৩৬ বছর বয়সী এই পেসারকে অস্ট্রেলিয়ার কন্ডিশনে বিশেষভাবে কার্যকর মনে করা হয়।

২০১৮ সালের বল-টেম্পারিং কেলেঙ্কারির পর অধিনায়কত্ব হারানো স্টিভ স্মিথ কামিন্সের অনুপস্থিতিতে এর আগেও ছয়বার দলকে নেতৃত্ব দিয়েছেন। কোচ বলেন, স্টিভ স্মিথের মতো অভিজ্ঞ নেতা আমাদের দলে থাকা এক বিশাল সৌভাগ্য। তারা (স্মিথ ও কামিন্স) একে অপরের সঙ্গে দারুণভাবে কাজ করে, আর কামিন্সও পার্থে দলের সঙ্গেই থাকবে।

## ভারত সিরিজ দিয়ে দলে ফিরলেন প্রোটিয়া অধিনায়ক বাভুমা

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

চোটের কারণে পাকিস্তানের বিপক্ষে টেস্ট সিরিজে দলের বাইরে ছিলেন টেম্বা বাভুমা। সেই চোট কাটিয়ে ভারত সিরিজ দিয়ে মাঠে ফিরছেন দক্ষিণ আফ্রিকার টেস্ট অধিনায়ক।

ভারত সিরিজ দিয়ে আন্তর্জাতিক ক্রিকেটে ফিরলেও এর আগেই ক্রিকেটে ফিরছেন বাভুমা। ভারত 'এ' দলের বিপক্ষে সাউথ আফ্রিকা 'এ' দলের হয়ে একটি প্রথম শ্রেণির ম্যাচে অংশ নেবেন তিনি।

'এ' দলের ম্যাচ শেষে জাতীয় দলে যোগ দেবেন বাভুমা। তিনি ফেরায় টেস্ট দলে জায়গা হারিয়েছেন ডেভিড বেডিংহ্যাম। পাকিস্তান সিরিজের দলে থাকলেও তিনি কোনো ম্যাচে খেলতে পারেননি।

দল থেকে বাদ পড়েছেন অফ স্পিনার প্রেনেলান সুব্রায়েন। কেশভ মহারাজের চোটে প্রথম টেস্ট খেলেছিলেন যিনি। এরপরেও দলে থাকছে তিন বিশেষজ্ঞ স্পিনার কেশব মহারাজ, সাইমন হার্মার ও



সেনুরান মুথুস্বামী।

ভারতের বিপক্ষে প্রোটিয়াদের দুই ম্যাচের টেস্ট সিরিজ শুরু হবে ১৪ ডিসেম্বর। প্রথম টেস্টটি হবে কলকাতায়। ২২ ডিসেম্বর গৌহাটিতে মাঠে গড়াবে দ্বিতীয় টেস্ট। টেস্ট ছাড়াও তিনটি ওয়ানডে ও পাঁচটি টি-টোয়েন্টিও খেলবে দুই দল।

দক্ষিণ আফ্রিকা টেস্ট দল

টেম্বা বাভুমা (অধিনায়ক), এইডেন মার্করাম, রায়ান রিকেলটন, কাইল ভেরেইনে, ট্রিস্টান স্টাবস, ডেওয়াল্ড ব্রেভিস, জুবায়ের হামজা, টনি ডি জর্জি, করবিন বশ, উইয়ান মুল্ডার, মার্কো জানসেন, কেশব মহারাজ, সেনুরান মুথুস্বামী, কাগিসো রাবাদা ও সাইমন হার্মার।

● স্বত্বাধিকারী, প্রকাশক এবং মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৪৩৮২০৩১
● Printed, Published and Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O . : Uttar Moukhali, P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329
and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 & 19D, Jamir Lane, Kolkata -700 019 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR